## আমাকে কী পরিমাণ অর্থ পরিশোধ করতে হবে?

উপরে বর্ণিত আয়ের পরীক্ষার উপর ভিত্তি করে ডিসকাউন্ট স্থির করা হয়। আপনার আয় যুক্তরাষ্ট্রীয় দারিদ্র্য সীমার 600% বা তার কম হলে এবং যোগ্যতা নির্ণায়ক অন্যান্য শর্তগুলি আপনি পূরণ করলে আপনাকে খুব কম করে $0 প্রদান করতে হবে।

আপনার আবেদন প্রক্রিয়াকরণ হয়ে গেলে আমাদের আর্থিক পরামর্শদাতা আপনার নির্দীষ্ট ডিসকাউন্ট (ডিসকাউন্টগুলি) সম্পর্কে আপনাকে বিস্তারিত তথ্য প্রদান করবেন।

## আমি কিভাবে ডিসকাউন্ট পাবো?

আপনাকে আবেদনের ফর্মটি পূরণ করতে হবে। আপনার আবাস, আয়, এবং পরিবারের আকার সম্পর্কে তথ্য পাওয়ার সাথে সাথে ডিসকাউন্টের জন্য আমরা আপনার আবেদনটির প্রক্রিয়াকরণ করব।

অ্যাপয়েন্টমেন্টের আগে, পরিচর্যার জন্য আপনি যখন হাসপাতালে আসবেন বা ডাকযোগে আপনার কাছে বিল আসার আগে আপনি ডিসকাউন্টের জন্য আবেদন করতে পারবেন। উপরে তালিকাভুক্ত যে কোনও একটি জায়গাতে পূরণ করা ফর্মটি প্রেরণ করুন।

আর্থিক সহায়তার জন্য রোগীদের পরিষেবা বা ছাড়া পাওয়ার অন্তত দুশোচল্লিশ (240) দিন আগে আবেদন করতে হবে। হাসপাতাল থেকে আবেদন করার উপকরণগুলি পাওয়ার পর তথ্য প্রদান করার জন্য রোগীদের আরো অন্তত কুড়ি দিন সময় দেওয়া হবে।

## আমি যে ডিসকাউন্টের জন্য যোগ্যতা লাভ করেছি তা আমি কীভাবে জানব?

আবেদন সম্পূর্ণ করে জমা দেওয়ার 30 দিনের মধ্যে হাসপাতাল একটি চিঠি পাঠাবে, যাতে আপনি যোগ্যতা লাভ করেছেন কিনা এবং আপনি কতখানি ডিসকাউন্টের জন্য যোগ্যতা লাভ করেছেন তা বলা থাকবে।

## আমি ডিসকাউন্ট পাব কি না তা জানার জন্য অপেক্ষা করার সময় একটি বিল আসলে কী হবে?

ডিসকাউন্টের জন্য আপনি বিবেচিত হলে আপনাকে হাসপাতালের বিল পরিশোধ করতে হবে না। আপনার আবেদন খারিজ করা হলে, হাসপাতাল অবশ্যই লিখিতভাবে আপনাকে সেটি জানাবে এবং অবশ্যই হাসপাতালের ঊর্ধ্বতন কর্তৃপক্ষের কাছে সিদ্ধান্তটির বিরুদ্ধে আবেদন করার উপায়গুলি জানাবে।

## আমার কোনো সমস্যা থাকলে এবং হাসপাতালের সাথে সেটির সমাধান করতে না পারলে কী হবে?

আপনি নিউইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তরের (New York State Department of Health) অভিযোগ জানাবার হটলাইন 1-800-804-5447 নম্বরে ফোন করতে পারেন।

**NYU Langone Hospitals Charity Care and Financial Assistance Policy**
কযণেটযকীে তটখে: 6/06
সংটশত তটখে: 6/22
পযণেটযলচেনে তটখে: 6/22

NYU Langone Health

NYU Langone Hospitals

# আর্থিক সহায়তার সারসংক্ষেপ



NYU Langone Hospitals স্বীকার করে যে অনেক সময় রোগীদের যখন পরিচর্যার প্রয়োজন তখন তাদের প্রদত্ত সেবার জন্য অর্থ পরিশোধ করতে অসুবিধার সম্মুখীন হতে হয়। আয়ের উপর ভিত্তি করে হাসপাতালগুলি যোগ্য ব্যক্তিবর্গদের ডিসকাউন্ট দেয়। এছাড়াও, আপনি যদি যোগ্য বলে বিবেচিত হন তাহলে আমরা আপনাকে বিনামূল্যের বা কম-খরচের বীমার জন্য আবেদন করতে সহায়তা করতে পারি। বিনামূল্যে, গোপনীয় সহায়তা পাওয়ার জন্য, এই সুবিধাজনক জায়গাগুলিতে অবস্থিত আমাদের আর্থিক কাউন্সেলিং অফিসগুলির মধ্যে কোনো একটির সাথে যোগাযোগ করুন।

**Manhattan Tisch and Langone Orthopedic Hospital (LOH)**

- Tisch: 550 1st Avenue, Room Tisch SK 1-33
- LOH: 301 East 17th Street, Room 203B
- Phone # 1-866-486-9847

**Brooklyn:**

- 150 55th Street, Suite LB 2940
- Phone # 1-718-630-6252

**Long Island:**

- 131 Mineola Blvd, Suite 105
- Phone # 1-516-663-8373

বিশদ তথ্যের জন্য, অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট www.nyulangone.org/insurance-billing-financial-assistance ভিজিট করুন।

## কারা ডিসকাউন্টের যোগ্য বলে বিবেচিত হবে?

সীমিত আয়ের রোগীরা যাদের স্বাস্থ্য বীমা নেই বা যারা স্বাস্থ্য বীমার সুবিধাগুলি শেষ করে ফেলেছেন তাদের জন্য আর্থিক সহায়তা উপলভ্য। নিউইয়র্ক স্টেটে বসবাসকারী প্রত্যেক ব্যক্তি যাদের চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনীয় পরিষেবা প্রয়োজন এবং প্রত্যেক ব্যক্তি যাদের আমাদের হাসপাতালের যেকোন একটিতে জরুরী পরিষেবার প্রয়োজন। আপনার আর্থিক সহায়তার প্রয়োজন বলে আপনাকে চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনীয় সেবা অস্বীকার করা হবে না। আপনার ইমিগ্রেশন স্টেটাস নির্বিশেষে আপনি ডিসকাউন্টের জন্য আবেদন করতে পারেন।

## আয়ের সীমাগুলি কী?

ডিসকাউন্টের পরিমাণ আপনার আয় ও পরিবারের সদস্য সংখ্যা অনুযায়ী পরিবর্তিত হয়। যদি আপনার কোনও স্বাস্থ্য বীমা না থাকে, আপনার বীমার সুবিধাগুলি শেষ করে ফেলেন, ছাড়যোগ্য ব্যায়, কো-পে, বা কোইনসুরেন্স থাকে, তবে দয়া করে আমাদের ওয়েবসাইটটি দেখুন www.nyulangone.org/insurance-billing-financial-assistance অথবা সাম্প্রতিক NYS Federal Poverty Levels (FPL) অনুযায়ী আপনার আয় এবং পরিবারের আকারের ভিত্তিতে আপনার ক্ষেত্রে কোন ছাড় প্রযোজ্য তা দেখুন।

## আমি আয়ের সীমারেখায় পৌঁছতে না পারলে কী হবে?

আপনি আপনার বিল পরিশোধ করতে না পারলে, হাসপাতাল আপনাকে একটি পরিশোধ পরিকল্পনার প্রস্তাব দিতে পারে। আপনাকে কত পরিশোধ করতে হবে তা আপনার আয়ের উপর নির্ভর করবে কিন্তু সেটি কোনোভাবেই আপনার মোট মাসিক আয়ের 10% এর বেশি হবে না।

## কেউ কি ডিসকাউন্ট ব্যাপারটির ব্যাখা করবে? কেউ কি আবেদন করার জন্য আমাকে সহায়তা করবে?

হ্যাঁ, বিনামূল্যে, গোপনীয় সহায়তা উপলভ্য। আমাদের আর্থিক পরামর্শদাতা অফিসারদের কোনো একজনকে কল করুন:

**Manhattan:** 1-866-486-9847
**Brooklyn:** 1-718-630-6252
**Long Island:** 1-516-663-8373

আপনি যোগ্য বলে বিবেচিত হলে আর্থিক পরামর্শদাতা আপনাকে সেটি জানাবেন এবং আপনাকে Medicaid বা একটি নিউইয়র্ক স্টেট অফ হেলথ মার্কেটপ্লেস প্ল্যানের মত বিনামূল্যের বা কম-খরচের বিমার জন্য আবেদন করতে সহায়তা করবে। আর্থিক পরামর্শদাতা যদি দেখেন যে আপনি কম-খরচের বিমার জন্য যোগ্যতা লাভ করেননি, তাহলে তারা ডিসকাউন্টের জন্য আবেদন করতে আপনাকে সহায়তা করবে। পরামর্শদাতা সমস্ত ফর্মগুলি পূরণ করতে আপনাকে সহায়তা করবেন এবং আপনাকে কোন কোন নথি নিয়ে আসতে হবে তা বলে দেবেন। যদি আপনি ইংরাজি বলতে না পারেন, তাহলে কেউ আপনার নিজের ভাষায় আপনাকে সহায়তা করবেন।

## ডিসকাউন্টের জন্য আবেদন করতে আমার কি কি লাগবে?

আর্থিক পরামর্শদাতা আপনাকে একটি আবেদনপত্র দেবেন অথবা আপনি আমাদের ওয়েবসাইট www.nyulangone.org/insurance-billing-financial-assistance থেকে একটি আবেদনপত্রের প্রিন্ট বের করে নিতে পারেন। শুধুমাত্র আবেদনপত্রটি পূরণ করুন এবং সেটিকে আমাদের কোন একটি আর্থিক পরামর্শ পরিষেবা ইউনিটে জমা দিন।

## কি কি পরিষেবা দেওয়া হয়?

এই পলিসি আওতাভুক্ত করে নাযা: কসমেটিক পদ্ধতি; সেই সমস্ত চিকিৎসক এবং স্বাস্থ্য সেবা প্রদানকারী যারা NYU Langone Hospital -গুলিতে আপনার চিকিৎসা করেছেন কিন্তু হাসপাতাল দ্বারা নিযুক্ত নন এবং হাসপাতালের থেকে আলাদাভাবে বিল করে, যেমন NYU Grossman School of Medicine দ্বারা নিযুক্ত চিকিৎসকগণ যারা প্রাইভেট প্র্যাক্টিস করেন, অ্যানেস্থিসিওলজিস্ট, রেডিওলজিস্ট, বেসরকারী কর্তব্যরত নার্স, অ্যাম্বুলিট পরিষেবা প্রদানকারী, গৃহ পরিচর্যা প্রদানকারী; হাসপাতালের সাথে চুক্তি না থাকা HMO/বাণিজ্যিক বিমা প্ল্যানগুলিতে নথিভুক্ত রোগীদের জন্য মনোনীত পদ্ধতিগুলি; এবং বিবেচনামূলক চার্জগুলি যেমন টেলিফোন, টেলিভিশন ও ব্যক্তিগত কক্ষের পার্থক্যমূলক চার্জগুলি।